

বাংলাদেশ ও ভারত নৌসচিব পর্যায়ের সভা আগামীকাল

ঢাকা, ১৮ ডিসেম্বর ২০২৩;

বাংলাদেশ ও ভারতের মধ্যে নৌসচিব পর্যায়ের সভা, প্রটোকল অন ইনল্যান্ড ওয়াটার ট্রানজিট এন্ড ট্রেড (পিআইডব্লিউটিএন্ডটি) এর অধীন স্ট্যান্ডিং কমিটির সভা এবং ইন্টার গভার্নমেন্টাল কমিটির (আইজিসি) সভা ১৯ ও ২০ ডিসেম্বর ঢাকায় স্থানীয় এক হোটেলে অনুষ্ঠিত হবে।

নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ মোস্তফা কামাল এবং ভারতের পোর্টস, শিপিং এন্ড ওয়াটারওয়েজ মন্ত্রণালয়ের সচিব টি কে রমাচন্দ্রন (T K RAMACHANDRAN) নিজ নিজ দেশের পক্ষে নেতৃত্ব দিবেন।

বাংলাদেশের পক্ষে উক্ত সভাসমূহে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়, দপ্তর সংস্থার প্রতিনিধিদের সমন্বয়ে ৩১ সদস্য বিশিষ্ট প্রতিনিধিদল গঠন করা হয়েছে। ভারত ইতোমধ্যে উক্ত সভায় অংশগ্রহণের জন্য ২৩ সদস্য বিশিষ্ট প্রতিনিধিদলের তালিকা প্রদান করেছে।

স্বাক্ষরিত/-

মো. জাহাঙ্গীর আলম খান

সিনিয়র তথ্য অফিসার

নৌপরিবহন মন্ত্রণালয়

০১৭১১-৪২৫৩৬৪